



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন  
উপপরিচালক (বীজ বিপণন) এর কার্যালয়  
ঢোলাদিয়া, ময়মনসিংহ।  
website: seedsbadc.mymensingh.gov.bd



স্মারক নং: ১২.০৬.৬১০০.৬৭৫.৯৯.১০৪.২৫. ২৭৭

তারিখ: ১৩ অক্টোবর ২০২৫ খ্রি।

**২০২৫-২৬ বিতরণ বর্ষের বোরো ধানবীজ বিক্রির বিজ্ঞপ্তি।**

ময়মনসিংহ জেলার বিএডিসি'র বীজ ডিলারদের জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত ছক এবং শর্তাবলী মোতাবেক ২০২৫-২৬ বিতরণ বর্ষের বোরো ধানবীজের বরাদ্দ প্রদান করা হয়েছে।

**ডিলার প্রতি বোরো ধানবীজের বরাদ্দ**

ক্রমিক নং	বীজের জাত	বীজের শ্রেণি	বরাদ্দের পরিমাণ (কেজি)	বিক্রয় দর (কেজি/ টাকা)	টাকার পরিমাণ	মন্তব্য
০১	বিআর২৬	মানঘোষিত	৩০.০০	৫৬.০০	১৬৮০.০০	
০২	ব্রি ধান২৮	প্রত্যায়িত/মানঘোষিত	৪০০.০০	৫৭.০০	২২৮০০.০০	
০৩	ব্রি ধান২৯	প্রত্যায়িত/মানঘোষিত	১৮০০.০০	৫৬.০০	১০০৮০০.০০	
০৪	ব্রি ধান৫৮	প্রত্যায়িত	২০.০০	৫৬.০০	১১২০.০০	
০৫	ব্রি ধান ৮৮	প্রত্যায়িত/মানঘোষিত	১১০০.০০	৫৭.০০	৬২৭০০.০০	
০৬	ব্রি ধান৮৯	প্রত্যায়িত/মানঘোষিত	১৮০০.০০	৫৬.০০	১০০৮০০.০০	
০৭	ব্রি ধান৯২	ভিত্তি	১৪০.০০	৬১.০০	৮৫৪০.০০	
		প্রত্যায়িত	৪২০.০০	৫৬.০০	২৩৫২০.০০	
০৮	ব্রি ধান১০০	ভিত্তি	১৪০.০০	৬৩.০০	৮৮২০.০০	
		প্রত্যায়িত	১৫০.০০	৫৭.০০	৮৫৫০.০০	
০৯	ব্রি ধান১০২	প্রত্যায়িত	১৪০.০০	৫৭.০০	৭৯৮০.০০	
১০	হাইব্রিড (SL-8H ও Win 302)	মানঘোষিত	৩০.০০	৩২০.০০	৯৬০০.০০	
১১	অন্যান্য	ভিত্তি/প্রত্যা/মান	১৫০.০০	৫৬.০০	৮৪০০.০০	
		সর্বমোট	৬৩২০.০০	-	৩৬৫৩১০.০০	

**শর্তাবলী:**

- ১। বরাদ্দকৃত বোরো ধানবীজ আগামী ২২ অক্টোবর ২০২৫ খ্রি. তারিখের মধ্যে উত্তোলন করতে হবে।
- ২। ২৩-২৬ অক্টোবর ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত “আগে আসলে আগে পাবেন ভিত্তিতে” একই উপজেলার অন্য ডিলারদের মাঝে উন্মুক্ত বিক্রি করা হবে।
- ৩। ২৭-২৮ অক্টোবর ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত “আগে আসলে আগে পাবেন ভিত্তিতে” একই জেলার অন্য ডিলারদের মাঝে উন্মুক্ত বিক্রি করা হবে।
- ৪। ২৯ অক্টোবর- ০১ নভেম্বর ২০২৫ পর্যন্ত “আগে আসলে আগে পাবেন ভিত্তিতে” একই অঞ্চলের অন্য ডিলারদের মাঝে উন্মুক্ত বিক্রি করা হবে।
- ৫। ০২ নভেম্বর ২০২৫- শেষ না হওয়া পর্যন্ত “Seed without Region” এর আওতায় সারা দেশের বীজ ডিলারদের জন্য উন্মুক্তকরণ হবে।
- ৬। বরাদ্দকৃত বীজের মূল্য “বিএডিসি বোরো ধানবীজ প্রাপ্তি হিসাব” শিরোনামে ডিডি/পে-অর্ডার এর মাধ্যমে জমা প্রদান করে বীজ উত্তোলন করবেন।
- ৭। বিএডিসি'র গুদাম হতে বীজ উত্তোলনের পর বীজ ডিলারগণ নিজ উদ্যোগে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্তৃকর্তা ও উপজেলা কৃষি কর্তৃকর্তাকে ৭২ ঘন্টার মধ্যে বীজের Arrival Report প্রদানপূর্বক বীজ বিক্রি শুরু করবেন এবং মৌসুমের মধ্যেই সমুদয় বীজ বিক্রির ব্যবস্থা নিবেন।

চলমান পাতা ১

- ৮। বীজ ডিলারগণ কৃষকের নিকট সরকার নির্ধারিত মূল্যে ক্যাশ মেমোর মাধ্যমে বীজ বিক্রি করবেন এবং ক্যাশ মেমো অপর পৃষ্ঠার ক্রেতার স্বাক্ষর রাখবেন।
- ৯। সরকার নির্ধারিত মূল্যে চেয়ে অধিক মূল্যে বীজ বিক্রয়ের অভিযোগ পাওয়া গেলে ডিলারের বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১০। ডিলারদের নিকট থেকে ডিলারপর্যায়ে বিক্রয়দর ও কৃষকপর্যায়ে বিক্রয়দরের পার্থক্যের উপর ৫% হারে অথবা সরকার নির্ধারিত হারে উৎসেকর কর্তন প্রযোজ্য হবে।
- ১১। বীজের বিক্রয়মূল্য, বিভিন্ন জাতের বিশেষ বৈশিষ্ট্য ও ফলন সম্পর্কিত তথ্য ডিজিটাল ব্যানারের মাধ্যমে বীজ ডিলারগণ তাদের দোকানে প্রদর্শনের ব্যবস্থা নিতে হবে।
- ১২। বীজ ডিলারগণ বীজ বিক্রয়কেন্দ্র ত্যাগের পূর্বে বীজের বস্তা খুলে দেখে বীজ উত্তোলন করবেন। বিক্রয়কেন্দ্র হতে বীজ সরবরাহ নেয়ার পর কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।
- ১৩। উপজেলা সার, বীজ মনিটরিং কমিটি এবং বিএডিসি কর্তৃক ডিলারগণের বীজ বিক্রয় কেন্দ্র পরিদর্শনকালে ডিলারগণ বীজের প্রাপ্তি ও বিক্রয় রেজিস্টার প্রদর্শন করবেন। অন্যথায় ডিলারের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

Amin .

১৬. ১০. ২৫

(ড. মো: দিদারুল আমিন)

পরিচিতি নং- ০২০৩৪৪

উপপরিচালক (বীজ বিপণন) চলতি দায়িত্ব

বিএডিসি, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।

স্মারক নং: ১২.০৬.৬১০০.৬৭৫.৯৯.১০৪.২৫. ২৭৭

তারিখ: ১৩ অক্টোবর ২০২৫ খ্রি।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, ময়মনসিংহ।
- ২। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
- ৩। যুগ্মপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, ঢাকা ও ময়মনসিংহ বিভাগ।
- ৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ/নেত্রকোনা ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, ময়মনসিংহ।
- ৫। উপজেলা কৃষি অফিসার.....(সকল), ময়মনসিংহ।
- ৬। গুদাম রক্ষক, আঞ্চলিক বীজ গুদাম, বিএডিসি, পুলিশ লাইন, ময়মনসিংহ।
- ৭। জনাব.....(সকল বীজ ডিলার), মেসার্স:.....
- গ্রাম/বিক্রয় কেন্দ্রের ঠিকানা: .....ডাকঘরঃ..... উপজেলাঃ....., জেলা: ময়মনসিংহ।
- ৯। নোটিশ বোর্ড।